মেহেরপুরে ফ্যামিলি কার্ড কার্যক্রম নিয়ে অবহিতকরণ প্রেস কনফারেন্স

ফ্যামিলি কার্ড কার্যক্রমের দেশব্যাপী তথ্য সংগ্রহবিষয়ক অবহিতকরণ প্রেস কনফারেন্স অনুষ্ঠিত হয়েছে। সোমবার মেহেরপুর সদর উপজেলা প্রশাসন ও উপজেলা সমাজসেবা কার্যালয়ের উদ্যোগে উপজেলা প্রশাসনের সভাকক্ষে ভিডিও কনফারেন্সের মাধ্যমে এ কার্যক্রম সম্প্রচার করা হয়।

ভিডিও কনফারেন্সে বক্তব্য দেন সমাজকল্যাণমন্ত্রী অধ্যাপক ডা. এ জেড এম জাহিদ হোসেন।

মেহেরপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) বাবলু সূত্রধরের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য দেন অতিরিক্ত জেলা প্রশাসক তরিকুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার আতিকুল হক, সদর উপজেলা সমাজসেবা কর্মকর্তা আনিসুর রহমান, শহর সমাজসেবা কর্মকর্তা সোহেল মাহমুদ, জেলা বিএনপির সাধারণ সম্পাদক কামরুল হাসান।

অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যালয়ের মেডিকেল অফিসার ডা. কামরুন নাহার, জেলা নির্বাচন কর্মকর্তা মো. এনামুল হক, জেলা পরিসংখ্যান কর্মকর্তা বশির উদ্দিন, উপজেলা নির্বাচন কর্মকর্তা মো. বাবু হক, আইসিটি কর্মকর্তা সুব্রত কুমারসহ অনেকে।

মেহেরপুরে সংস্কৃতি ও সমাজকল্যাণ খাতে ১১৩ জনের

# [redacted]

[redacted]

[redacted]

[

মেহেরপুর সরকারি কলেজে চালু হলো ডিজিটাল হাজিরা

শিক্ষার্থীদের নিয়মিত ক্লাসে উপস্থিতি নিশ্চিত করা, শ্রেণিকক্ষে মনোযোগ বাড়ানো এবং শিক্ষাব্যবস্থাকে প্রযুক্তিনির্ভর করে তুলতে মেহেরপুর সরকারি কলেজে প্রথমবারের মতো চালু হয়েছে ডিজিটাল হাজিরা কার্যক্রম। ২০২৬-২৭ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির শিক্ষার্থীদের জন্য এ কার্যক্রম চালু করা হয়েছে।

সোমবার (১২ অক্টোবর) কলেজের অধ্যক্ষ অধ্যাপক ড. এ কে এম নজরুল কবীর এ কার্যক্রমের উদ্বোধন করেন।

কলেজ কর্তৃপক্ষের এ উদ্যোগের মাধ্যমে শিক্ষার্থীদের শ্রেণিকক্ষে উপস্থিতির বিষয়টি আরও সুশৃঙ্খলভাবে পর্যবেক্ষণ করা সম্ভব হবে বলে আশা করা হচ্ছে। পাশাপাশি নিয়মিত ক্লাসে অংশগ্রহণে শিক্ষার্থীদের আগ্রহ বাড়বে এবং পাঠদানের পরিবেশ আরও কার্যকর হবে বলে সংশ্লিষ্টরা মনে করছেন।

শিক্ষার মানোন্নয়ন, পরিচ্ছন্ন ক্যাম্পাস, সাংস্কৃতিক কর্মকাণ্ডের প্রসার, ডিজিটাল শ্রেণিকক্ষ প্রতিষ্ঠা ও তথ্যপ্রযুক্তির ব্যবহারে গুরুত্ব দিয়ে কাজ করছেন কলেজের অধ্যক্ষ অধ্যাপক ড. এ কে এম নজরুল কবীর। ডিজিটাল হাজিরা চালুর উদ্যোগকে কলেজের শিক্ষা কার্যক্রম আধুনিকায়নের অংশ হিসেবে দেখছেন সংশ্লিষ্টরা।

শুধু প্রাতিষ্ঠানিক শিক্ষার মধ্যে সীমাবদ্ধ না থেকে শিক্ষার্থীদের আধুনিক ও প্রযুক্তিনির্ভর শিক্ষায় অভ্যস্ত করে তোলার লক্ষ্যেও এ উদ্যোগ ভূমিকা রাখবে বলে আশা করা হচ্ছে। একই সঙ্গে নিয়মিত ক্লাসে উপস্থিতি, পাঠে মনোযোগ এবং শ্রেণিকক্ষের শৃঙ্খলা বজায় রাখতে শিক্ষার্থীদের আরও দায়িত্বশীল হওয়ার সুযোগ তৈরি হবে।

নতুন এ কার্যক্রমে নবীন শিক্ষার্থীদের মধ্যে উৎসাহ দেখা গেছে। শিক্ষার্থীদের পাশাপাশি অভিভাবকদের মধ্যেও এ উদ্যোগ নিয়ে আগ্রহ তৈরি হয়েছে।

ডিজিটাল হাজিরা কার্যক্রম চালুর সময় উপস্থিত ছিলেন

রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক মো. ফুয়াদ খান, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের সহযোগী অধ্যাপক ও শিক্ষক পরিষদের সম্পাদক মো. কাউছার আলী, বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক মো. খেজমত আলী মালিথ্যা এবং ব্যবস্থাপনা বিভাগের প্রভাষক এস এম আশরাফুল হাবিবসহ কলেজের সংশ্লিষ্ট শিক্ষকরা।

গাংনীতে নেশার টাকা না পেয়ে স্ত্রীর আঙুলে কামড়, স্বামী গ্রেপ্তার

মেহেরপুরের গাংনীতে নেশার টাকা না পেয়ে স্ত্রী মৌসুমী খাতুনের
(৩৭) বাম হাতের একটি আঙুলের অর্ধেক অংশ কামড়ে বিচ্ছিন্ন করার অভিযোগ উঠেছে স্বামী সুজন আলীর (৩৮) বিরুদ্ধে।

গত শনিবার রাত সাড়ে ১১টার দিকে উপজেলার বেতবাড়িয়া গ্রামের বাজারপাড়ায় এ ঘটনা ঘটে।

ঘটনার পরপরই ভুক্তভোগী স্ত্রী থানায় লিখিত অভিযোগ দায়ের করলে পুলিশ অভিযান চালিয়ে অভিযুক্ত স্বামীকে গ্রেপ্তার করে।

স্থানীয় ও এজাহার সূত্রে জানা যায়, প্রায় ১৮ বছর আগে বেতবাড়িয়া গ্রামের মৃত আহসান আলীর মেয়ে মৌসুমী খাতুনের সঙ্গে একই এলাকার আব্দুল কাদেরের ছেলে সুজন আলীর বিয়ে হয়। পেশায় বামন্দী বাজারের একজন দর্জি সুজন আলী দীর্ঘদিন ধরে মাদকাশক্ত।

অভিযোগ উঠেছে, নেশার টাকার জন্য তিনি প্রায়ই স্ত্রী ও সন্তানদের ওপর শারীরিক নির্যাতন চালাতেন। শনিবার রাতে সুজন বাড়িতে এসে স্ত্রীর সঙ্গে বিবাদে জড়ান। স্ত্রী বিবাদ করতে নিষেধ করলে সুজন ক্ষিপ্ত হয়ে তাকে এলোপাতাড়ি কিল-ঘুষি মেরে শরীরের বিভিন্ন স্থানে জখম করেন। একপর্যায়ে তিনি মৌসুমীর বাম হাতের অনামিকা আঙুলে কামড় দিয়ে অর্ধেক অংশ ছিঁড়ে ফেলে এবং গলা টিপে শ্বাসরোধ করে হত্যার চেষ্টা চালান।

এ সময় তাদের ১৮ বছর বয়সী ছেলে তাহিদুল ইসলাম মাকে বাঁচাতে এগিয়ে এলে তাকেও পিটিয়ে ও ডান হাতের কয়েক স্থানে কামড়ে রক্তাক্ত জখম করেন সুজন। পরবর্তীতে তাদের চিৎকার শুনে প্রতিবেশীরা এগিয়ে এসে তাদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে ভর্তি করেন।ঘড়ি কিনুন

এ ঘটনায় আহত মৌসুমী খাতুন বাদী হয়ে গাংনী থানায় উপস্থিত হয়ে স্বামী সুজন আলীর বিরুদ্ধে একটি মামলা দায়ের করেন।

গাংনী থানার ওসি মুহাদ্দিদ মোর্শেদ চৌধুরী জানান, নেশার টাকা না পেয়ে স্ত্রীর আঙুল কামড়ে বিচ্ছিন্ন করার ঘটনায় ভুক্তভোগী নিজেই বাদী হয়ে গাংনী থানায় একটি মামলা দায়ের করেন। অভিযোগ পাওয়ার পরপরই সুজন আলীকে গ্রেপ্তার করা হয়েছে। তার বিরুদ্ধে পরবর্তী আইনি কার্যক্রম চলমান।

মেহেরপুরে বাবাকে কুপিয়ে হত্যার অভিযোগ ছেলের বিরুদ্ধে

মেহেরপুর সদর উপজেলার ঝাউবাড়িয়া গ্রামের নওদাপাড়ায় জমিসংক্রান্ত বিরোধের জেরে ঘুমন্ত বাবাকে কুপিয়ে হত্যার অভিযোগ উঠেছে ছেলের বিরুদ্ধে। এ ঘটনায় অভিযুক্ত ছেলে সাহাবুল শেখকে আটক করেছে পুলিশ।

সোমবার (১২ অক্টোবর) দুপুর সাড়ে ১২টার দিকে এ ঘটনা ঘটে। নিহত হাবেল শেখ (৭০) ওই গ্রামের মৃত সামসুদ্দিন শেখের ছেলে।

পরিবার ও স্থানীয় সূত্রে জানা যায়, ঘটনার সময় নিজ শয়নকক্ষে ঘুমিয়ে ছিলেন হাবেল শেখ। এ সময় তাঁর ছেলে সাহাবুল শেখ ধারালো অস্ত্র দিয়ে এলোপাতাড়ি কুপিয়ে তাঁকে হত্যা করেন বলে অভিযোগ উঠেছে।

পুলিশ জানায়, ধারালো অস্ত্রের আঘাতে হাবেল শেখের গলা ও বাম হাতের একটি অংশ বিচ্ছিন্ন হয়ে যায়। ঘটনার পর অভিযান চালিয়ে অভিযুক্ত সাহাবুল শেখকে আটক করা হয়।

নিহতের ভাতিজা শাহাবাজ উদ্দিন বলেন, দীর্ঘদিন ধরে তাঁদের পরিবারে বিরোধ চলছিল। বাবা ও ছেলের মধ্যে সম্পর্ক ভালো ছিল না। গত রোববার হাবেল শেখ ছেলেকে না জানিয়ে একটি গাছ বিক্রি করেন। এ ঘটনাকে কেন্দ্র করে হত্যাকাণ্ডের সূত্রপাত হয়ে থাকতে পারে।

আটকের সময় অভিযুক্ত সাহাবুল শেখ বলেন, তাঁর বাবা তাঁকে সবকিছু থেকে বঞ্চিত করে আসছিলেন। নিজের জমিতে অন্য একজনকে সার ছিটাতে দেখে তাঁর মাথা গরম হয়ে যায়। তা সহ্য করতে না পেরে তিনি বাবাকে হত্যা করেছেন বলে জানান। এ ঘটনায় ফাঁসি হলেও তাঁর সমস্যা নেই বলেও মন্তব্য করেন তিনি।

মেহেরপুরের অতিরিক্ত পুলিশ সুপার জামিনুর রহমান খান বলেন, ঝাউবাড়িয়া গ্রামের নওদাপাড়ায় বাবাকে হত্যার ঘটনায় অভিযুক্ত ছেলেকে আটক করা হয়েছে। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, জমিজমাসংক্রান্ত বিরোধের জেরে এ হত্যাকাণ্ড ঘটে থাকতে পারে।

মেহেরপুরে বাসের চাকায় পিষ্ট হয়ে প্রথম শ্রেণির শিক্ষার্থীর মৃত্যু

মেহেরপুর সদর উপজেলার রাজনগর গ্রামে গোল্ডেন পরিবহনের বাসের চাকায় পিষ্ট হয়ে ফাহিম নামে প্রথম শ্রেণির এক শিক্ষার্থীর মৃত্যু হয়েছে। সোমবার (১২ অক্টোবর) দুপুর ১২টার দিকে এ দুর্ঘটনা ঘটে।

নিহত ফাহিম রাজনগর গ্রামের বেলে পাড়ার ইসহাক আলীর ছেলে। সে রাজনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রথম শ্রেণির শিক্ষার্থী ছিল।

স্থানীয় সূত্রে জানা গেছে, স্কুল ছুটির পর বাড়ি ফেরার পথে গোল্ডেন পরিবহনের একটি বাসের চাকায় পিষ্ট হয় ফাহিম। এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

ঘটনার সত্যতা নিশ্চিত করে মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত

কর্মকর্তা (ওসি) হুমায়ুন কবির জানান, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। ঘাতক বাস ও চালককে আটকের চেষ্টা চলছে।

উল্লেখ্য, ২০২৫ সালের ৯ নভেম্বর মেহেরপুর সদর রাজনগর মুশুরিবাজার বিলে পদ্মফুল তুলতে গিয়ে পানিতে ডুবে চার শিশুর মৃত্যু হয়েছিল। তাদের মধ্যে দুজন ছিল ফাহিমের বোন। দুই মেয়েকে হারানোর পর সেই শোক বুকে নিয়ে দিন কাটাচ্ছিলেন বাবা-মা। এবার সড়ক দুর্ঘটনায় ছেলেকেও হারিয়ে সন্তানহারা হলেন তাঁরা।

একই পরিবারের তিন সন্তানের এমন করুণ পরিণতি স্থানীয়দের মধ্যে শোকের আবহ তৈরি করেছে। দুই মেয়ের মৃত্যুর ক্ষত কাটিয়ে ওঠার আগেই একমাত্র ছেলেকে হারানোর ঘটনায় পরিবারটির জীবনে নেমে এসেছে অপূরণীয় শূন্যতা।

মেহেরপুরে সাংবাদিকের পিঠের ছাল তুলে নেয়ার হুমকি

মেহেরপুর জেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ও স্থানীয় দৈনিক মেহেরপুর প্রতিদিনের ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দুকে ‘পিঠের ছাল তুলে নেব শু*য়ো*রের বাচ্চা, তুই কোথায় আছিস বল’ মোবাইল ফোনে এভাবে হুমকি দিয়েছেন রাকিবুল হাসান রিপন নামের এক কলেজ শিক্ষক।

রাকিবুল হাসান রিপন মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসানের ছোট ভাই ও আহাম্মদ আলী কলেজের প্রভাষক।

আজ ১১ অক্টোবর রবিবার দুপুরে সাংবাদিক মাহাবুব চান্দুর মোবাইলে কল করে এমন হুমকি দেয়া হয়। সেই সাথে অকথ্য ও অশ্রবনীয় ভাষায় গালিগালাজও করা হয়।

সাংবাদিক মাহাবুব চান্দু জানান, গত শনিবার দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকায় “মেহেরপুরে সার ডিলার নিয়োগে দলীয়করণ ও

স্বজনপ্রীতির অভিযোগ” শিরোনামে একটি সংবাদ প্রকাশিত হয়।

এ সংবাদকে কেন্দ্র করেই এমন হুমকি দেয়া হয়েছে বলে অভিযোগ করেছেন সাংবাদিক মাহাবুব চান্দু।

তিনি জানান, রাকিবুল হাসান রিপন আমার মোবাইলে কল দিলে আমি তার কলটি রিসিভ করি। এসময় রিপন বলেন, সংবাদে স্বজনপ্রীতি লিখেছিস,,তুই সার ডিলার নিয়োগের অনিয়মের সংবাদ প্রকাশ করেছিস। তোর ‘পিঠের ছাল তুলে নেব শু*য়ো**রের বাচ্চা,তুই কোথায় আছিস বল’ পরে আমি কলটি কেটে দিই।”

এবিষয়ে রাকিবুল হাসান রিপনকে মোবাইলে কল দিয়ে জানতে চাওয়া হলে তিনি বলেন, মাহাবুব চান্দু যে নিউজ করেছে,তাতে দলীয়করণ করা হয়েছে আমি স্বীকার করি। তবে,স্বজনপ্রীতির কথা লেখা হয়েছে। এর জবাব চাওয়া হয়েছে। এর জবাব বা ব্যাখ্যা না দিতে পারলে মেহেরপুরে তাকে (চান্দুকে) সাংবাদিকতা করতে দেয়া হবেনা। তিনি আরও বলেন,আমরা এখন সরকারে আছি,যারা বিএনপি করছে তারা একটু সুবিধা পাবে এটাই স্বাভাবিক। তার পত্রিকায় আয়না ঘরের কথা লেখা হয়না,কয়েক হাজার মানুষ মেরে ভারতে পালিয়েছে শেখ হাসিনা, তার বিরুদ্ধে লেখা হয়না। অথচ সার ডিলার নিয়োগে স্বজনপ্রীতির কথা লেখা হয়েছে। এর হিসাব মিলিয়ে দিতে না পারলে তার প্রতিষ্ঠান রাখা হবেনা এবং তাকে মেহেরপুরে সাংবাদিকতাও করতে দেয়া হবে না। এই সংবাদ যে প্রকাশ করবে তাকেও মেহেরপুরে সাংবাদিকতা করতে দেয়া হবেনা বলেও হুশিয়ারি দেন তিনি। হুমকির বিষয়টি নিয়ে জেলা প্রেসক্লাবের সকল সদস্যসহ প্রিন্ট ও ইলেক্ট্রিক মিডিয়ার সাংবাদিকরা তিব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি তোযাম্মেল আযম বলেন, এবিষয়ে আমরা আইনী পদক্ষেপ নেব। আমরা আইনের প্রতি শ্রদ্ধাশীল। হুমকির বিষয়ে একটি জিডি করা হয়েছে।

মেহেরপুর পুলিশ সুপার আলী হায়দার চৌধুরী বিপিএম- বলেন, বিষয়টি নিয়ে জিডি করা হলে হুমকি দ্বাতার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

কিশোর গ্যাংয়ের দৌরাত্ম সহ্য করা হবে না

মেহেরপুরের নবাগত পুলিশ সুপার আলী হায়দার চৌধুরী বলেন, কিশোর গ্যাং সারা বাংলাদেশের মতোই মেহেরপুরে বড় একটি সমস্যা, কিশোর গ্যাং এর দৌরাত্ম কোনভাবেই সহ্য করা হবে না এবং তাদেরকে কোন ধরনের ছাড় দেওয়া হবে না। মাদক, জুয়া অন্যান্য অপরাধের মতোই কিশোর গ্যাং এর অপরাধের বিরুদ্ধে আমরা সমান ভাবে অভিযান চালিয়ে যাব।

মেহেরপুরে সাংবাদিকদের সাথে নবাগত পুলিশ সুপারের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। রবিবার বিকেল ৪ টায় মেহেরপুর পুলিশ সুপারের কার্যালয়ের কনফারেন্স রুমে অনুষ্ঠিত মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসকল কথা বলেন।

পুলিশ সদস্যের আচরণ, কার্যক্রম, কর্তব্যের অবহেলা ও দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি প্রয়োগ করা হবে। কারোও বিরুদ্ধে যদি এরকম কোন অভিযোগ আছে তাৎক্ষণিকভাবে আমরা তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থাসহ যা যা ব্যবস্থা আছে সেগুলো গ্রহণ করা হবে, এক্ষেত্রে কোন ছাড় দেওয়া হবে না। আমি প্রতিটি থানায় এবং প্রতিটি সদস্যের কাছে মেসেজটি পৌঁছে দিয়েছি। আমাদের থানাগুলোকে সেবা কেন্দ্রে পরিণত করতে হবে এবং প্রত্যেকটি সদস্যের আচার ব্যবহার হবে পেশাদারিত্বের ভিতরে। এখানে অপেশাদার আচরণ দুর্নীতি সহ্য করা হবে না।

তিনি বলেন, মহাসরকে কোন ভাবে থ্রি হুইলার বা ইজিবাইক কোনভাবেই প্রবেশ করতে দেওয়া হবে না। এটি বন্ধের জন্য কঠোরভাবে নির্দেশ করা হয়েছে যারা আমাদের মাঠ পর্যায়ে রয়েছে, এটিই আমাদের অবস্থান, এই অবস্থান থেকেই আমরা কাজ করব। সড়কের মধ্যে যেসব ইজিবাই ব্যাটারি চালিত রিকশা রয়েছে এগুলো অবাক এবং নিয়ন্ত্রণহীন ভাবে চলাচল করে , এগুলো যাতে সুশৃংখল ভাবে আইন মেনে চলাচল করতে পারে সেজন্য চেষ্টা অব্যাহত আছে। যেহেতু এখানে পার্কিংয়ের জায়গার অভাব আছে টার্মিনালের অভাব আছে এসবের কারণে আমরা রাস্তায় যানবাহনে জটলা দেখতে পাই বা রাস্তা বন্ধ করে করা হয় এসবের ব্যাপারেও আমরা সতর্ক আছি কাজ করে যাচ্ছি। আমার বিশ্বাস সকল ক্ষেত্রে আমরা দৃশ্যমান পরিবর্তন অচিরেই আনতে পারব।

তিনি আরও বলেন, নবাগত পুলিশ সুপার আলী হায়দার চৌধুরী বলেন, এই জেলায় ইতিমধ্যে আমি দেখেছি অনলাইন জুয়ার বিরুদ্ধে অনেকগুলো মামলার রুজু হয়েছে অনেক আসামি গ্রেফতার হয়েছে। অনলাইন জুয়ার কোন সীমানা নাই, আমরা যদি বলি এটা মেহেরপুর এর মধ্যে সীমাবদ্ধ সেটাও ঠিক হবে না। অনলাইন জুয়ার বিস্তার সব জায়গায় আছে, কিন্তু মেহেরপুরে এর প্রবণতা বেশি ইতিমধ্যে আমি তথ্যগুলো সংগ্রহ করেছি, এর যে মামলাগুলো রয়েছে সেগুলো আমরা মনিটরিং করব, এই মামলার সাথে জড়িত যারা আছে তাদেরকে গ্রেফতারের চেষ্টা আমরা জোরদার করব এবং যেখানেই অনলাইন জুয়ার খবর পাবো সেখানেই তাৎক্ষণিকভাবে অভিযান চালানা করবো।

অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মোহাম্মদ আতিকুল হক, অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস) মোঃ জামিনুর রহমান খানসহ সাংবাদিকদের মধ্যে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি ও যুগান্তরের জেলা প্রতিনিধি তোজাম্মেল আজম, মেহেরপুর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ও সময় টিভির জেলা প্রতিনিধি বেন ইয়ামিন, সিনিয়র সাংবাদিক রফিকুল আলম, দৈনিক ইত্তেফাকের জেলা প্রতিনিধি ফারুক মল্লিক, স্টার নিউজের ব্যুরো প্রধান রাশেদুজ্জামান, যমুনা টিভির জেলা প্রতিনিধি রামিজ আহসান, দেশ টিভির জেলা প্রতিনিধি আক্তারুজ্জামান, নিউজ টোয়েন্টিফোরের জেলা প্রতিনিধি ডালিম সারোয়ার, একাত্তর টিভির জেলা প্রতিনিধি আসিফ ইকবাল, বাংলাদেশ প্রতিদিনের জেলা প্রতিনিধি মাহাবুব হল পোলেন, বাসসের জেলা প্রতিনিধি দিলরুবা খাতুন, এশিয়া পোস্টের জেলা প্রতিনিধি খান মাহমুদ আল রাফি, দীপ্ত টিভির জেলা প্রতিনিধি জাকির হোসেনসহ প্রিন্টু ইলেকট্রিক মিডিয়ার জেলা সকল সাংবাদিকবৃন্দ।

মেহেরপুরে জেলা আইনশৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে জেলা আইনশৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। রবিবার (১১ অক্টোবর) সকালে জেলা প্রশাসকের

সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক শিল্পী রানী রায়ের সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন পুলিশ সুপার আলী হায়দার চৌধুরী বিপিএম, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ, সিভিল সার্জন ডা. আবু সাঈদ, মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ অধ্যাপক ড. এ কে এম নজরুল কবীর, জেলা কমান্ড্যান্ট আলামিন হোসেন, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা বাবলু সূত্রধর, মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা রুপায়ন দেব, গাংনী উপজেলা নির্বাহী মোঃ মাসুদুর রহনান, সরকারি মহিলা কলেজের উপাধ্যক্ষ মুহাঃ আবদুল্লাহ আল আমিন, গাংনী র্যাব ক্যাম্পের তৌহিদুল ইসলাম, জেলা পরিবার পরিকল্পনা অধিদপ্তরের উপপরিচালক আব্দুস সাত্তার, ডা. অলোক কুমার দাস, পাবলিক প্রসিকিউটর (পিপি) সাইদুর রাজ্জাক, জেলা মুক্তিযোদ্ধা কমান্ডের আহ্বায়ক শামসুল আলম সোনা, জেলা কারাগারের সুপার আমান উল্লাহ, মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান, সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক সিদ্দিকুর রহমান, ভারপ্রাপ্ত জেলা শিক্ষা কর্মকর্তা মো. আবদুর রাহীম, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক রাশিদুল হাসান, জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালক নাসিনা খাতুন, মেহেরপুর জেলা শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি আনোয়ারুল হক কালু, মেহেরপুর পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা জাহিদুর রহমান এবং জেলা মহিলা দলের সভানেত্রী সাইদাতুল নেসা নয়নসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও কমিটির সদস্যরা।

সভায় মেহেরপুর জেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি, অনলাইন জুয়া, মাদকদ্রব্যের অপব্যবহার ও নিয়ন্ত্রণসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। জেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা এবং অপরাধ নিয়ন্ত্রণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়েও আলোচনা হয়।

# [redacted]

[redacted] (2023) [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]